

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুন বাগিচা, ঢাকা।

নথি নং- জারাবো/কর-৭/আঃআঃবিঃ/০৫/২০০৩/

তারিখঃ ২০/০৭/২০০৪ইং।

বিষয়ঃ আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 19AAA এর সম্পষ্টিকরণ প্রসংগে।

অর্থ আইন, ২০০২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর নতুন ধারা 19AAA সংযোজন করে ব্যক্তি, ফার্ম, ব্যক্তিসংঘ ও প্রাইভেট লিঃ কোম্পানী কর্তৃক ১ জুলাই, ২০০২ইং হতে ৩০ জুন ২০০৫ইং সময় বৃত্তে কোন পণ্য উৎপাদন বা সেবা প্রদানে নিয়োজিত যে কোন ব্যবসা, শিল্প ও বাণিজ্যিক উদ্যোগে বিনিয়োগ করা হলে উক্ত বিনিয়োগকে বিনা প্রশ্নে গ্রহণ করার বিধান করা হয়েছে। পরবর্তীতে অর্থ আইন, ২০০৩ এর মাধ্যমে এ বিধানটি সংশোধন করে স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত পাবলিক লিমিটেড কোম্পানীর শেয়ারের বিনিয়োগকেও এর আওতাভুক্ত করা হয়েছে।

০২। বিদ্যমান বিধান অনুসারে প্রাইভেট লিমিটেড কোম্পানীর শেয়ার হোল্ডার কর্তৃক উক্ত কোম্পানীতে বিনিয়োগ করা হলে তা বিনা প্রশ্নে গ্রহণ করা হবে কিনা, এ বিষয়ে কোন কোন মহলে কিছুটা অস্পষ্টতা আছে বলে জাতীয় রাজস্ব বোর্ড অবহিত হয়েছে। এরূপ অস্পষ্টতা নিরসনকল্পে জাতীয় রাজস্ব বোর্ড ইতোপূর্বে জারীকৃত এ সম্পর্কিত সকল ব্যাখ্যা বাতিলপূর্বক নিম্নরূপ ব্যাখ্যা প্রদান করছে।

০৩। পণ্য উৎপাদন বা সেবা প্রদানে নিয়োজিত প্রাইভেট লিমিটেড কোম্পানীর শেয়ার হোল্ডারগণ কর্তৃক নির্ধারিত সময় বৃত্তে উক্ত কোম্পানীতে বিনিয়োগ করলে বিনিয়োগকৃত অংক সংশ্লিষ্ট কোম্পানীর পরিশোধিত মূলধন হিসাবে গণ্য হবে এবং বিনিয়োগকৃত অংকের সমপরিমাণ শেয়ার বিনিয়োগকারী শেয়ার হোল্ডারের অনুকূলে উক্ত কোম্পানী কর্তৃক বরাদ্দ করতে হবে। এরূপ বিনিয়োগ আয়কর অধ্যাদেশের 19AAA ধারায় কোন প্রশ্ন ব্যতিরেকে গ্রহণ করা হবে।

[রনজীত কুমার সাহা]
দ্বিতীয় সচিব
(আয়কর আইন ও বিধি)

বিতরণঃ

- ১। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬/৭/৮/বৃহৎ করদাতা ইউনিট/কেন্দ্রীয় জরীপ অঞ্চল, বাংলাদেশ, ঢাকা।
- ২। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩, চট্টগ্রাম।
- ৩। কর কমিশনার, কর অঞ্চল-খুলনা, রাজশাহী, রংপুর, বরিশাল ও সিলেট।
- ৪। কর কমিশনার, কর আপীল অঞ্চল, ১/২/৩ ঢাকা, চট্টগ্রাম ও খুলনা।
- ৫। মহাপরিচালক, সি.আই.সি, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৬। মহাপরিচালক, কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা।
- ৭। মহাপরিচালক, কর প্রশিক্ষণ পরিদপ্তর ও বিসিএস কর একাডেমী, ঢাকা।
- ৮। পি.এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৯। সভাপতি, ট্যাকসেস বার এসোসিয়েশন, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর/বরিশাল।
- ১০। সভাপতি, বাংলাদেশ ট্যাক্স লয়ারস এসোসিয়েশন, ঢাকা।